



Advocates for Children of New York

Protecting every child's right to learn

পরামর্শ পত্র: একটি IEP মিটিং-এর জন্য প্রস্তুতিগ্রহণ

একজন শিক্ষার্থীর ব্যক্তিনিষ্ঠ শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়লাইজড এডুকেশন প্রোগ্রাম, IEP) একটি গুরুত্বপূর্ণ আইনি নথি যাতে শিক্ষার্থীর চাহিদা এবং তার যে সমস্ত বিশেষ শিক্ষামূলক সেবা পাওয়ার অধিকার আছে সেগুলির বিবরণ থাকে। একটি IEP দল IEP তৈরি করে এবং প্রতি বছর একটি বার্ষিক IEP মিটিং-এ সেটি হালনাগাদ করে।

আমি কিভাবে একটি IEP মিটিং-এর জন্য প্রস্তুতি নেবো ?

1. শিক্ষার্থীর মূল্যায়নগুলি পড়ুন

IEP মিটিং-এর আগে পিতামাতার উচিত শিক্ষার্থীর মূল্যায়নগুলির কপি পর্যালোচনা করা। পিতামাতাদের মিটিং-এর পাঁচ দিনে আগে নতুন যেকোনো মূল্যায়নের একটি কপি পাওয়ার অধিকার আছে। যে সমস্ত বিষয়গুলির প্রতি মনোযোগ দিতে হবে তার মধ্যে আছে:

- শিক্ষার্থীর অক্ষমতার প্রকৃতি এবং সেটি কিভাবে তাকে স্কুলে প্রভাবিত করে
- শিক্ষার্থীর নির্দিষ্ট কর্মসম্পাদনের স্তর (শিক্ষাগত, সামাজিক-আবেগগত, শারীরিক, আচরণগত ইত্যাদি)
- শিক্ষার্থীর শক্তি এবং দুর্বলতা
- শিক্ষার্থীর শিক্ষক, মূল্যায়নকারী বা অন্যান্য সেবা প্রদানকারীদের করা কোনও সুপারিশ
- মূল্যায়নটি শিশুর চরিত্রের সঠিক চিত্রায়ন করে কিনা

যেসমস্ত শিক্ষার্থীরা ইতিমধ্যেই বিশেষ শিক্ষা সেবা পাচ্ছে তাদের ক্ষেত্রে নির্ধারণ করার চেষ্টা করুন যে শেষ IEP মিটিং বা শেষ মূল্যায়নের পর থেকে সেই শিক্ষার্থী কতটা উন্নতি করেছে। সে কি আগের বছরের IEP-তে থাকা লক্ষ্যগুলি পূরণ করেছে? যদি না করে থাকে তাহলে সেই শিক্ষার্থীর অন্য কোনও ধরনের কাঠামো বা আরও সেবার প্রয়োজন হতে পারে।

2. NYC শিক্ষা বিভাগের (ডিপার্টমেন্ট অফ এডুকেশন, DOE-র) বিশেষ শিক্ষা সেবার ক্রমপত্রসম্পর্কিত জানুন

বিশেষ শিক্ষা সেবা সবচেয়ে কম নিয়ন্ত্রণপ্রবণ পরিবেশ থেকে সবচেয়ে বেশি নিয়ন্ত্রণপ্রবণ পরিবেশের একটি ক্রমপত্রসম্পন্ন থাকে। কমিউনিটি স্কুলের কাঠামোতে সম্ভাব্য সুপারিশগুলির মধ্যে থাকে বিশেষ শিক্ষা শিক্ষকের সহায়তা সেবা (স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস, SETSS বা সম্পদ রুম) সহ সাধারণ শিক্ষা বা সম্পর্কিত সেবাসমূহ (যেমন স্পীচ বা অকুপেশনাল থেরাপি); অন্তর্ভুক্তিমূলক ক্লাসগুলি (যার নাম সুসংহত সহ-শিক্ষাদান বা ইন্টিগ্রেটেড কো-টিচিং বা ICT ক্লাস); আংশিক বা পূর্ণ সময়ের স্বয়ংসম্পূর্ণ বিশেষ শিক্ষা ক্লাসগুলি; বা এগুলির একটি সংমিশ্রণ। এছাড়াও শিক্ষার্থীদের পুরোপুরি বিশেষ শিক্ষার স্কুল (যাকে ডিসট্রিক্ট 75 স্কুল বলা হয়), বেসরকারি স্কুল, গৃহ বা হাসপাতালে শিক্ষাদান বা আবাসিক ব্যবস্থাতেও রাখা হতে পারে।

3. অন্যান্য সম্পর্কিত ব্যক্তিদের IEP দলের অংশ হওয়ার জন্য আমন্ত্রণ করুন

শিক্ষার্থীর পিতামাতা অন্যান্য সেবা প্রদানকারী (যেমন টিউটর বা থেরাপিস্ট), কেস কর্মী বা সম্পর্কিত তথ্য জানেন এমন অন্য কোনও ব্যক্তিকে ফোনে বা ব্যক্তিগতভাবে মিটিং-এ যোগদান করার জন্য আমন্ত্রণ জানাতে পারেন। IEP দলের উচিত সমস্ত মূল্যায়ন, শিক্ষার্থীর অগ্রগতি এবং বর্তমানে সে কেমন কাজকর্ম করছে, আগামী বছরের লক্ষ্য এবং দলের সদস্যদের যদি কোনও উদ্বেগ থাকে তাহলে সেটা নিয়ে আলোচনা করা। যদি শিক্ষার্থীর কর্মসূচির সুপারিশ পরিবর্তন করা হয় তাহলে দলকে অবশ্যই সম্ভাব্য বিকল্প ব্যবস্থাগুলি নিয়ে আলোচনা করতে হবে এবং স্কুলে রাখা নিয়ে পিতামাতার কোনও পছন্দ থাকলে সেগুলির প্রতি মনোযোগ দিতে হবে। এছাড়াও বেশি বয়সের শিক্ষার্থীর ক্ষেত্রে দলকে অবশ্যই

শিক্ষার্থীর ডিপ্লোমা প্রাপ্তির পথ এবং শিক্ষার্থীর স্কুল ছাড়ার পরে তার উত্তরণের পরিকল্পনা নিয়ে আলোচনা করতে হবে যার মধ্যে থাকবে শিক্ষার্থীকে তার উত্তরণের লক্ষ্যগুলি পূরণ করতে সাহায্য করার জন্য স্কুল যে সেবাগুলি দেবে।

নিম্নলিখিত ব্যক্তির IEP দল গঠন করেন এবং তাদের অবশ্যই মিটিং-এ উপস্থিত থাকতে হবে (একই ব্যক্তি একাধিক ভূমিকায় কাজ করতে পারেন):

- শিক্ষার্থীর পিতামাতা
- একজন বিশেষ শিক্ষা শিক্ষক বা প্রদানকারী
- একজন সাধারণ শিক্ষা শিক্ষক (যদি সেই শিক্ষার্থী সাধারণ শিক্ষা ক্লাসে অংশগ্রহণ করেন বা করার সম্ভাবনা থাকে)
- একজন ডিসট্রিক্ট প্রতিনিধি যিনি ডিসট্রিক্টে উপলভ্য সম্পদের সঙ্গে পরিচিত
- একজন যিনি শিক্ষার্থীর মূল্যায়নগুলি ব্যাখ্যা করতে পারেন, যদি নতুন কোনও মূল্যায়ন বিবেচনা করা হয়
- পর্যালোচনার ধরনের উপর নির্ভর করে আনুষঙ্গিক সদস্যদের উপস্থিত থাকতে হতে পারে

স্কুল প্রয়োজনীয় সদস্যদের একজন ছাড়া IEP মিটিং করার জন্য পিতামাতার কাছে একটি অব্যাহতির অনুরোধ জানাতে পারে। পিতামাতাদের উচিত সেই পরিস্থিতি সম্পর্কে সময়ে চিন্তাভাবনা করে অব্যাহতি দেওয়া, বিশেষত দলের সেই সদস্যের যদি তাদের সন্তান সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান থাকে। পিতামাতাদের অধিকার আছে যে তারা স্কুলকে এটির সময় পরিবর্তন করে এমন সময় করার অনুরোধ জানাতে পারেন যখন সবাই উপস্থিত থাকতে পারবেন।

4. IEP তে কি অন্তর্ভুক্ত থাকে বুঝে নিন

ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন নিম্নলিখিতগুলি IEP তে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেয়:

- শিক্ষার্থীর সুপারিশকৃত বিশেষ শিক্ষা কর্মসূচি এবং সম্পর্কিত সেবাগুলি। কর্মসূচিগুলি শিক্ষার্থীর লক্ষ্যগুলি অর্জন করার জন্য এবং সাধারণ পাঠক্রমের দিকে অগ্রসর হওয়ার জন্য যতটা সম্ভব কম নিয়ন্ত্রণমূলক পরিবেশে হওয়া উচিত।
- শিক্ষার্থীর “বর্তমান শিক্ষাগত কর্ম সম্পাদনের স্তরের” একটি বিবরণ যার মধ্যে আছে পাঠ (রিডিং) এবং গণিতের স্তর
- শিক্ষার্থীর শ্রেণীবিভাগ। কিছু সাধারণ শ্রেণীবিভাগ হল শিখতে অক্ষম (লার্নিং ডিজবেলড, LD), বাক অথবা ভাষা প্রতিবন্ধী এবং অন্যান্য স্বাস্থ্য প্রতিবন্ধী (আদার হেলথ ইম্পের্যর্ড, OHI)
- আগামী বছরের জন্য পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্য
- পরীক্ষার ব্যবস্থা, পরিবর্তন সাধন এবং স্টেট পরীক্ষায় অংশগ্রহণ

5. দলের একজন সক্রিয় সদস্য হওয়ার জন্য প্রস্তুত থাকুন

মিটিং-এর আগে বিবেচনা করুন যে আপনার মতে কোন কর্মসূচি, সেবা এবং ব্যবস্থা শিক্ষার্থীর সর্বাধিক হিতের জন্য সবচেয়ে বেশি উপযুক্ত হবে। আপনি স্কুলের সঙ্গে কথা বললেও এই বিষয় সাহায্য পেতে পারেন। পিতামাতা এবং তারা যাদের মিটিং-এ আমন্ত্রণ করবেন তারা দলের অন্যান্য সদস্যদের মতোই সমান অংশগ্রহণকারী হবেন। পিতামাতাদের শুধুমাত্র মিটিং-এর একটি অংশে উপস্থিত থাকতে বা ইতিমধ্যে সম্পূর্ণ করা একটি IEP তে স্বাক্ষর করতে বলা উচিত না। কারণ মিটিং-এ উপস্থিত ছিলেন এবং তারা কি বলেছেন সেটা নোট করতে ভুলবেন না।

কি হবে যদি পিতামাতা ফলাফলের সঙ্গে সন্তুষ্ট না হন ?

শিক্ষার্থীর পিতামাতা যদি IEP মিটিং-এর ফলাফলের সঙ্গে সন্তুষ্ট না হন - উদাহরণস্বরূপ, যদি পিতামাতা স্কুলের শ্রেণীবিভাগ বা কর্মসূচির সুপারিশের সঙ্গে সন্তুষ্ট না হন - তাহলে পিতামাতা এগুলি করতে পারেন:

- IEP-র পরিবর্তন সাধন করার জন্য একটি নতুন IEP মিটিং-এর অনুরোধ জানানো
- স্কুলের সঙ্গে মতবিরোধের নিষ্পত্তি করার জন্য মধ্যস্থতার অনুরোধ জানানো; বা
- একটি নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানির (ডিউ প্রসেস হিয়ারিং) জন্য একটি অনুরোধ দাখিল করা

দ্রষ্টব্য: উপস্থিতি পত্রে স্বাক্ষর করার অর্থ এই নয় যে আপনি IEP বা মিটিং চলাকালীন যা কিছু বলা হয়েছে সেই সবকিছুর সঙ্গে সন্তুষ্ট; এটি শুধুমাত্র বোঝায় যে আপনি মিটিং-এ উপস্থিত ছিলেন।

*এই টিপসিট কোন আইনী পরামর্শ নয়। অ্যাডভোকেটস ফর চিল্ড্রেনের মতামত ব্যক্ত করা ছাড়াই এটিতে বিদ্যমান নীতিমালা বা আইনের সারমর্ম ভুলে ধরা হয়েছে।
যদি আপনার আইনী সমস্যা থাকে, তবে অনুগ্রহ করে একজন আইনজীবী বা উকিলের সাথে যোগাযোগ করুন।*